

া সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১২১১

৮. পবিত্ৰতা অৰ্জন (كتَابُ الطَّهَارَة)

পরিচ্ছেদঃ নাপাক ব্যক্তির জন্য বৈধ আছে লজ্জাস্থান ধুয়ে এবং সালাতের ন্যায় ওযূ করে গোসল না করেই ঘুমানো

ذِكْنُ الْإِبَاحَةِ لِلْجُنُبِ تَرَكَ الِاغْتِسَالِ عِنْدَ إِرَادَةِ النَّوْم بَعْدَ غَسْلِ الْفَرْج وَالْوُضُوءِ لِلصَّلَاةِ

আরবী

1211 _ أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ عَبْدِ الرَّحْمَنِ السَّامِيُّ قَالَ: حَدَّثَنَا يَحْيَى بْنُ أَيُّوبَ الْمَقَابِرِيُّ قَالَ: حَدَّثَنَا إِسْمَاعِيلُ بْنُ جَعْفَرٍ قَالَ: أَخْبَرَنِي عَبْدُ اللَّهِ بْنُ دِينَارٍ أَنَّهُ سَمِعَ ابْنَ عُمَرَ يَقُولُ: ذَكَرَ عُمَرُ لِرَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أَنَّهُ تُصِيبُهُ الْجَنَابَةُ مِنَ اللَّيْلِ فَأَمَرَهُ أَن يَتوضأ ويغسل ذكره ثم ينام.

الراوي: ابْن عُمَرَ | المحدث: العلامة ناصر الدين الألباني | المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 1211 | خلاصة حكم المحدث: صحيح.

বাংলা

১২১১. আব্দুল্লাহ বিন দীনার রহিমাহুল্লাহ থেকে বর্ণিত, তিনি বলেন, "আমি আব্দুল্লাহ বিন উমার রাদ্য়াল্লাহু আনহুকে বলতে শুনেছি, তিনি বলেন, "একবার উমার রাদ্য়াল্লাহু আনহু রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর কাছে এসে বলেন যে, রাতে তিনি নাপাক হয়ে যান, (তখন তিনি কী করবেন?)" তখন রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম তাকে ওয়ু করতে এবং লজ্জাস্থান ধুয়ে নিতে ও তারপর ঘুমাতে বলেন।"[1]

ফুটনোট

[1] আবূ দাউদ আত তায়ালিসী: ১/৬২; আবূ আওয়ানা: ১/২৭৮; মুসনাদ আহমাদ: ২/৪৬; সহীহ ইবনু খুযাইমাহ: ২১৪; তাহাবী, শারহু মা'আনিল আসার: ১/১২৭।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে বুখারী ও মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবু দাউদ: ২১৮।)



হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু দ্বীনার (রহঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন